জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৪/৯৯৪ তারিখ: ২১/১০/২০১৪

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions)/ SMS Code : 16222

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স পাঠদানকারী কলেজসমূহে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামী ১৯ ডিসেম্বর ২০১৪ তারিখ রোজ শুক্রবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীকে সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশ পত্র (Admit Card) ও এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে ভর্তি পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে তবে প্রয়োজন হলে সাইন্টিফিক ক্যালকুলেটর সঙ্গে রাখতে পারবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd/admissions) ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ফরম নিশ্চয়ন আগামী ৩০ অক্টোবর ২০১৪ তারিখ থেকে অনলাইনে শুরু হবে

১। আবেদনের সাধারণ যোগ্যতা

- ▶ বাংলাদেশ এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১০/২০১১/২০১২ সালের এস.এস.সি/সমমান এবং ২০১৩/২০১৪ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.০ (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- ▶ বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।
- ▶ এস.এস.সি./সমমানের পরীক্ষা সনদ অনুযায়ী শিক্ষার্থীর বয়স ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত ২২ (বাইশ) বছরের অধিক হবে না।

▶ ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর অনলাইন ভর্তি কার্যক্রমে আবেদন ফরম পূরণের সচিত্র ব্যবহার বিধি জানতে www.nu.edu.bd/admissions লিংকে গিয়ে Honours Admission Guide Line এ ক্লিক করতে হবে।

২। ভর্তি পরীক্ষা পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) সর্বমোট ২০০ (দুইশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে শিক্ষার্থীদের পছন্দক্রম অনুসারে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধা স্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে HSC জিপিএ, SSC জিপিএ এবং বয়সের উর্ধ্বক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে ১) প্রথম মেধা তালিকা ২) শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা ৩) কোটা এবং ৪) রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।

ঙ) সংশ্লিষ্ট কলেজ তাদের User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট website (www.nu.edu.bd/admissions)/SMS (NU<space>AT<space>Roll No টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

▶ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিজ্ঞান/মানবিক/ব্যবসায় প্রশাসন শাখার ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে।

শাখাভিত্তিক ভর্তি পরীক্ষার নম্বর বন্টন

উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা	বাংলা	ইংরেজি	বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান	বিষয়ভিত্তিক নম্বর বন্টন	মোট নম্বর
বিজ্ঞান শাখা	২০	২০	১০	পদার্থবিজ্ঞান-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬	১০০
মানবিক/গার্হস্থ্য অর্থনীতি শাখা	২৫	২৫	১০	৪×১০=৪০ (উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয়ের মধ্যে যে কোন চারটি)	
ব্যবসায় শিক্ষা শাখা				হিসাব বিজ্ঞান-২০, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২০	

এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার নম্বর বন্টন

এস.এস.সি. /সমমান (অপশনাল ব্যতীত) পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০%	এইচ.এস.সি. /সমমান (অপশনাল ব্যতীত) পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০%		MCQ পদ্ধতিতে মোট নম্বর	সর্বমোট নম্বর
৪০	৬০	১০০	১০০	২০০

healthebd24.com

৩। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

- যে সকল শিক্ষার্থী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) ভর্তি বাতিল করেছে গ) মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

৪। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণীর ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

- ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের তিন দিন পূর্বে শিক্ষার্থীকে কলেজ অথবা Online থেকে তার পরীক্ষার কেন্দ্র ও স্থান জেনে নিতে হবে।
- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন ও চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে সংশিণ্টষ্ট কলেজকে **One Time Password (OTP)** পেতে (অবশ্যই ভর্তি কার্যক্রমের সংগে সংশিণ্টষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরসহ) ডীন, স্নাতকোপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে। অনার্স অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত **User ID** ও **Password** বহাল থাকবে তবে নতুন অনার্স অধিভুক্ত কলেজসমূহের জন্য **User ID , Password** এবং **One Time Password (OTP)** পেতে ডীন, স্নাতকোপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।
- সংশ্লিষ্ট কলেজকে ত্রুটিপূর্ণ আবেদন ফরম নিশ্চয়ন না করে ডীন, স্নাতকোপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর অবহিত করতে হবে।
- সংশ্লিষ্ট কলেজড় ভর্তি ফি'র নির্ধারিত অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডি.ডি. করার পরিবর্তে "সোনালী সেবা" এর মাধ্যমে সংশিণ্টষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশিণ্টষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে সংশিণ্টষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উলেণ্টখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ভর্তি পরীক্ষার আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি, ২০১৪-২০১৫
ফোন : ৯২৯১০৬৮

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।

healthebd24.com